চুয়াডাঙ্গায় নবাগত পুলিশ সুপারের সাথে ইউনিট ইনচার্জদের পরিচিতি সভা

চুয়াডাঙ্গায় নবনিযুক্ত পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খান দায়িত্ব গ্রহণের পরপরই জেলা পুলিশের কার্যক্রমকে আরও গতিশীল ও জনমুখী করার লক্ষ্যে উদ্যোগী হয়েছেন। তারই অংশ হিসেবে জেলা পুলিশের সকল ইউনিট ইনচার্জদের সাথে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৭ মার্চ) দুপুর ২টায় পুলিশ সুপারের সম্মেলন কক্ষে আয়োজিত এ সভায় তিনি পর্যায়ক্রমে উপস্থিত সকল কর্মকর্তার সাথে পরিচিত হন, কুশল বিনিময় করেন এবং শুভেচ্ছা জানান। উন্মুক্ত আলোচনাভিত্তিক সভায় পুলিশের ইউনিট ইনচার্জগণ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সভায় পুলিশ সুপার জেলার আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখা, জনবান্ধব পুলিশিং নিশ্চিত করা এবং অপরাধ দমনে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর জোর দেন। বিশেষ করে মাদক ও চোরাচালান প্রতিরোধ, সড়ক ও মহাসড়কে সিন্ডিকেট ও চাঁদাবাজি বন্ধ, ফুটপাত দখলমুক্ত রাখা এবং যানজট নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট ইউনিটগুলোকে সক্রিয় ভূমিকা রাখার নির্দেশনা দেন।

তিনি বলেন, জনগণের আস্থা অর্জনই পুলিশের মূল লক্ষ্য। সেবাপ্রার্থী মানুষের সঙ্গে আন্তরিক, মানবিক ও পেশাদার আচরণ নিশ্চিত করতে হবে। প্রতিটি সদস্যকে সততা, নিষ্ঠা ও দায়িত্ববোধ নিয়ে কাজ করতে হবে এবং যেকোনো অপরাধের ক্ষেত্রে দ্রুত ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ সময় তিনি ইউনিট ইনচার্জদের নিজ নিজ এলাকায় সার্বক্ষণিক তৎপর থাকার নির্দেশ দেন এবং অপরাধ নিয়ন্ত্রণে দৃশ্যমান সাফল্য অর্জনের আহ্বান জানান। সভায় জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্র পরিদর্শনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের অংশ হিসেবে গতকাল দুপুর ২ টায় আলমডাঙ্গা থানাধীন ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্র চিহ্নিতকরণ ও সংশ্লিষ্টদের দিকনির্দেশনা প্রদান করেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন ও পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম।

পরিদর্শনকালে তাঁরা ভোটকেন্দ্রসমূহের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা, সিসিটিভি ক্যামেরার কার্যকারিতা, অবকাঠামোগত প্রস্তুতি, ভোট গ্রহণের পরিবেশ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন।

এ সময় সংশ্লিষ্ট কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্তদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়, যাতে ভোটাররা শান্তিপূর্ণ ও নির্ভয়ে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন।

এসময় জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন বলেন, জেলা প্রশাসন ও জেলা পুলিশ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করেছে। এই লক্ষ্যে মাঠ পর্যায়ে নিয়মিত তৎপরতা অব্যাহত থাকবে। যে সকল ভোট গ্রহণ কেন্দ্র ঝুঁকিপূর্ণ সেখানে বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হবে।

পরিদর্শনকালে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মোস্তাফিজুর রহমান, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আকতার, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মোঃ বানী ইসরাইল ও চুয়াডাঙ্গাসহ জেলা প্রশাসন ও জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণ।

মেহেরপুরে শীতার্তদের মাঝে পুলিশ সুপারের কম্বল বিতরণ

মেহেরপুর শহরের বিভিন্ন মোড়ে মোড়ে অসহায়, ছিন্নমূল ও প্রতিবন্ধী শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

গত বুধবার রাতে সামাজিক দায়বদ্ধতা ও মানবিক বিবেচনায় নিজ উদ্যোগে তিনি এই কম্বল বিতরণ কার্যক্রম পরিচালনা করেন।

কম্বল পেয়ে শীতার্ত মানুষজন পুলিশ সুপার মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেহেরপুরে ইজিবাইক ও অটো চালকদের সাথে পুলিশ সুপারের মতবিনিময়

সড়ক দুর্ঘটনা রোধ ও যানজট নিরসনে ইজিবাইক, অটো রিক্সা এবং ভ্যান চালক সমিতির নেতৃবৃন্দদের সাথে মতবিনিময় করেছেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

আজ শনিবার (২০ ডিসেম্বর) দুপুর সাড়ে ১১টার দিকে পুলিশ সুপারের কনফারেন্স রুমে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলার পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

পুলিশ সুপার বলেন, সড়ক দুর্ঘটনা রোধে চালকদের সচেতনতার কোনো

বিকল্প নেই। সাধারণ মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে এবং প্রাণহানি কমাতে পুলিশ ও চালক সমিতিকে একযোগে কাজ করতে হবে।

সভায় জেলার ইজিবাইক, অটো রিক্সা ও ভ্যান চালক সমিতির শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

নবাগত চুয়াডাঙ্গা পুলিশ সুপারের আলমডাঙ্গা থানা পরিদর্শন

আলমডাঙ্গা থানা পরিদর্শন করলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম।

চুয়াডাঙ্গা জেলার নবাগত পুলিশ সুপার মোহাম্মদ মনিরুল ইসলাম বুধবার বেলা ১টার সময় আলমডাঙ্গা থানা পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি থানায় কর্মরত অফিসার ও ফোর্সের সঙ্গে কুশল বিনিময় করেন এবং থানার সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে খোঁজখবর নেন।

পুলিশ সুপার মহোদয় থানা ভবন, অফিস কক্ষ, ব্যারাক ও মেস পরিদর্শন করেন। তিনি জনবান্ধব পুলিশিং, মাদকমুক্ত সমাজ বিনির্মাণ, আইন-শৃঙ্খলা রক্ষা এবং এলাকার সার্বিক অপরাধ নিয়ন্ত্রণে সকল পুলিশ সদস্যকে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় তিনি থানার মেসে উন্নতমানের খাবার নিশ্চিতকরণ, দাপ্তরিক সকল কাজ সুসম্পন্ন করা, ব্যারাক সর্বদা পরিচ্ছন্ন রাখা এবং ফোর্সের যৌক্তিক ছুটি মঞ্জুরের বিষয়ে সংশ্লিষ্ট অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার নবাগত থানা অফিসার ইনচার্জ মোঃ বানী ইসরাইল এবং থানার সকল পদমর্যাদার অফিসার ও ফোর্স সদস্যবৃন্দ।

মেহেরপুরের নতুন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়

মেহেরপুরের নতুন পুলিশ সুপার হিসেবে নিয়োগ পেয়েছেন উজ্জ্বল কুমার রায়।

বুধবার (২৬ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব মো. মাহবুবুর রহমানের স্বাক্ষরিত এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, উজ্জ্বল কুমার রায় এর আগে ঝালোকাটি জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি মেহেরপুরের পুলিশ সুপার হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন। অন্যদিকে সদ্য বদলিকৃত মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীকে পিরোজপুরের পুলিশ সুপার হিসেবে পদায়ন করা হয়েছে।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মেহেরপুর পুলিশ সুপারের বাসভবনে আগুন

মেহেরপুর পুলিশ সুপারের বাসভবনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আজ বুধবার বিকেল চারটার দিকে শহরের কোর্ট মোড় এলাকায় অবস্থিত পুলিশ সুপারের বাসভবনের ভেতর থেকে ধোঁয়া উঠতে দেখা যায়। এ সময় আশপাশের লোকজন সেখানে জড়ো হন। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের একটি দল দ্রুত সেখানে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

প্রাথমিকভাবে জানা যায়, বাসভবনে থাকা শীতাতপ নিয়ন্ত্রিত

যন্ত্রটির বিস্ফোরণের ফলে এ ঘটনা ঘটেছে। অগ্নিকাণ্ডের ঘটনায় বাসভবনের ডাইনিং স্পেসে রাখা ফ্রিজ, সোফা সেট, চেয়ার, টেবিলসহ অন্যান্য আসবাবপত্র পুড়ে গেছে বলে জানিয়েছে দমকলের দল।

বাসভবনে একা থাকেন বলে জানিয়েছেন পুলিশ সুপার। তিনি বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে বাসভবনে এসে দেখি আগুন জ্বলছে। এখনো ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা যায়নি বলেও জানিয়েছেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

আগুন নিয়ন্ত্রণে আনতে ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট কাজ করেছে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের উপসহকারী পরিচালক সাকরিয়া হায়দার।

উল্লেখ্য, এ সময় সংবাদকর্মীরা ভেতরের ক্ষয়ক্ষতির সংবাদ ধারণ করতে গেলে কর্মরত পুলিশ কনস্টেবলরা গণমাধ্যম কর্মীদের ধাক্কা দিয়ে সরিয়ে দেয়।

মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্প পরিদর্শন করলেন পুলিশ সুপার

মেহেরপুরের মুজিবনগর থানাধীন কোমরপুর পুলিশ ক্যাম্পের বার্ষিক পরিদর্শন করেছেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

পরিদর্শনকালে তিনি ক্যাম্পে কর্মরত অফিসার ও ফোর্সদের সঙ্গে মতবিনিময় করেন এবং ক্যাম্প এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় পুলিশ সুপার মাদক, অস্ত্র, চোরাচালান উদ্ধার এবং বিভিন্ন মামলার ওয়ারেন্ট তামিলের লক্ষ্যে নিয়মিত পুলিশ অভিযান ও চেকপোস্ট পরিচালনার নির্দেশনা দেন।

ঈদে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মেহেরপুরে পুলিশ সুপারের মতবিনিময়

মেহেরপুরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে জেলার পশু হাটের ইজারাদার, ব্যাংক কর্মকর্তা ও এজেন্ট ব্যাংকের প্রতিনিধিদের সাথে আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা করেছেন পুলিশ সুপার।

আজ বৃহস্পতিবার দুুপুরে পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলার পুলিশ সুপার জনাব মাকসুদা আকতার খানম, পিপিএম।

সভায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার পশুর হাটে আগত ক্রেতা-বিক্রেতার সুবিধা-অসুবিধা ও যানজট নিরসন এবং আর্থিক প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা নিয়ে আলোচনা করা হয়। এসময় আগত অতিথিরা তাদের বিভিন্ন সুবিধা অসুবিধার কথা পুলিশ সুপারকে জানান।

পুলিশ সুপার বলেন, আসন্ন ঈদ ও পশুর হাটের জন্য জেলা পুলিশের পক্ষ হতে নিরাপত্তা জোরদার করা হয়েছে। পাশাপাশি গুরুত্বপূর্ণ হাটে কন্ট্রোলরুম স্থাপন করা হচ্ছে। এছাড়া জেলা পুলিশের পক্ষ থেকে জাল টাকা সনাক্তকরণে মেশিন এর ব্যবস্থা করা হবে বলে জানান। যেকোন ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে সংশ্লিষ্ট সকলকে অধিক সতর্ক থাকারও আহ্বান জানান।

মতবিনিময় সভায় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খানসহ সকল থানার ওসি, ডিবি ওসি, টিআইসহ আগত পশু হাটের ইজারাদার ও ব্যাংক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের উদ্যোগে দামুড়হুদায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতের রাতে দামুড়হুদার আসহায় দরিদ্রদের মাঝে শীতার্তদের কম্বল বিতরণ করলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা। এ সময় সাথে ছিলেন সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির।

আজ বুধবার রাত ৯ টার দিকে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে বৃদ্ধ নারী পুরুষের মাঝে এ কম্বল বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা বলেন, এই পচন্ড শীতের মাঝে দরিদ্র মানুষের পাশে দাঁড়ানো সকল পেশার মানুষের প্রয়োজন। সে আলোকে অল্প পরিশরে কিছু মানুষের মাঝে কম্বল বিতরণ করতে পেরে নিজের কাছে ভালো লাগছে। সুযোগ পেলে পরবর্তীতে আরো কম্বল দেওয়া হবে। সে সাথে এলাকার মাদক চোরাকারবারিদের আইনের আওতায় আনতে হবে। মাদক ব্যবসায়ীদের ধরতে স্থানীয় এলাকাবাসীর সহযোগিতা কামনা করছি।

এ সময় আরো উপস্থিত ছিলেন থানা বিএনপির ৪নং যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যডভোকেট আব্দুল্লাহ আল মামুন এরশাদ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, কার্পাসডাঙ্গা ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি মিজানুর রহমান, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সদস্য সচিব সুলতান, থানা সেচ্ছাসেবকদলের সিনিয়র আহবায়ক আব্দুল কাদের, ইউনিয়ন সেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম, থানা যুবদলের সদস্য দেলোয়ার হোসেন, হুমায়ন কবির প্রমুখ।